

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২০৫৪

৯. কিতাবুস সালাত (کتاب الصلاة)

পরিচ্ছেদঃ সালাতে মুক্তাদীর সংখ্যা যত বেশি হবে, সেটা আল্লাহর কাছে তত বেশি প্রিয় হবে

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الْمَأْمُومِينَ كُلَّمَا كَثُرُوا كَانَ ذَلِكَ أَحَبَّ إِلَى اللَّهِ عَزَّ وَجَلَّ

আরবী

2054 ـ أَخْبَرَنَا أَبُو خَلِيفَةَ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ كَثِيرٍ أَخْبَرَنَا شُعْبَةُ عَنْ أَبِي إِسْحَاقَ عَنْ عَبْدِ اللَّهِ بِن أَبِي بِصيرِ عِن أَبِي كَعْبِ قَالَ: صَلَّى بِنَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللَّهِ بِن أَبِي بصيرِ عِن أَبِي كَعْبِ قَالَ: (أَشَاهِدٌ فُلَانٌ)؟ قَالُوا: لَا قَالَ: (إِنَّ هَاتَيْنِ الصَّلَاتَيْنِ أَثْقَلُ الصَّلَوَاتِ عَلَى الْمُنَافِقِينَ وَلَوْ يَعْلَمُونَ فَضِيلَتَهُ لَابْتَدَرْتُمُوهُ وَصَلَاةُ وَإِنَّ الصَّلَاتَيْنِ أَثْقَلُ الصَّلَوَاتِ عَلَى الْمُنَافِقِينَ وَلَوْ تَعْلَمُونَ فَضِيلَتَهُ لَابْتَدَرْتُمُوهُ وَصَلَاةُ وَإِنَّ الصَّفَ الْأَوْلَ لَعَلَى مِثْلِ صَفِّ الْمَلَائِكَةِ وَلَوْ تَعْلَمُونَ فَضِيلَتَهُ لَابْتَدَرْتُمُوهُ وَصَلَاةُ الرَّجُلِ مَعَ الرَّجُلِ مَعْ رَجُلٍ وَكُلَّمَا كُثُرَ فَهُو أَحَبُ إِلَى اللَّهِ) الرَّجُلِ مَعَ الرَّجُلِ مَعَ الرَّجُلِ مَعْ رَجُلٍ وَكُلَّمَا كَثُرَ فَهُو أَحَبُ إِلَى اللَّهِ) الرَّجُلِ مَعَ الرَّجُلِ مَع الرَّجُلِ مَا المصدر: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الراوي: أبي بن كَعْبِ ا المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الصفحة أو الرقم: 2054 ا خلاصة حكم المحدث: حسن - ((صحيح أبي داود)) (التعليق الرغيب)) (1/ 152)

[2054] م] _ أَخْبَرَنَا أَبُو خَلِيفَةَ فِي عَقِبِهِ حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ عَبْدِ الْوَهَّابِ الْحَجَبِيُّ عَنْ خَالِدِ بْنِ الْحَارِثِ عَنْ شُعْبَةَ عَنْ أَبِي إِسْحَاقَ أَنَّهُ أَخْبَرَهُمْ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي بَصِيرٍ عَنْ أَبِيهِ تَالَ شُعْبَةُ: وَقَدْ قَالَ أَبُو إِسْحَاقَ: سَمِعْتُهُ مِنْهُ وَمِنْ أَبِيهِ ثُمَّ ساقه.

বাংলা

২০৫৪. উবাই বিন কা'ব রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাদের নিয়ে ফজরের সালাত আদায় করে তারপর বলেন, "ওমুক কি উপস্থিত?" লোকজন বলবেন, "জ্বী, না।" তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "ওমুক কি উপস্থিত?" লোকজন বলবেন, "জ্বী, না।" রাসূল



সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "নিশ্চয়ই এই দুটি সালাত মুনাফিকদের উপর সবচেয়ে বেশি কঠিন। যদি তারা এই দুই সালাতের ফযীলত জানতো, তবে হামাগুড়ি দিয়ে হলেও তারা তাতে উপস্থিত হতো। নিশ্চয়ই সালাতের প্রথম কাতার ফেরেস্তাদের কাতারের মতো। যদি তোমরা এর ফযীলত জানতে তবে অবশ্যই তোমরা এজন্য প্রতিযোগিতা করতে। কোন ব্যক্তির দুইজন ব্যক্তির সাথে সালাত আদায় করা সেই ব্যক্তির আরেকজন ব্যক্তির সাথে সালাত আদায় করার চেয়ে উত্তম। এভাবে সালাতে মুসল্লীর সংখ্যা যত বেশি হবে, সেটা আল্লাহর কাছে তত বেশি প্রিয় হবে।"[1]

২০৫৪. উবাই বিন কা'ব রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন... পুর্বের অনুরুপ হাদীস।"

ফুটনোট

[1] আত তায়ালিসী: ৫৫৪; সুনান বাইহাকী: ৩/৬৭; মুসনাদ আহমাদ: ৫/১৪০; আবূ দাঊদ: ৫৫৪; দারেমী: ১/২৯১; সহীহ ইবনু খুযাইমাহ: ১৪৭৭; হাকিম: ১/২৪৭-২৪৮; মুসান্নাফ আব্দুর রায্যাক: ২০০৪।

হাদীসটির ব্যাপারে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ স্পষ্ট কোন মন্তব্য করেননি। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। (সহীহ আবু দাউদ: ৫৬৩)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ উবাই ইবনু কা'ব (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন